** ১৮১ জন কনস্টেবল + ড্রাইভার কনস্টেবলের অতিরিক্ত আরও ১৮৫টি কনস্টেবল ও ড্রাইভার কনস্টেবলের পদ (কনস্টেবল পদ ১৮১টি ও ড্রাইভার কনস্টেবল পদ ৪টি) Super-numerary হিসেবে সৃজন করা হবে, পরবর্তীতে উক্ত কর্মচারীগণের অবসরের সাথে সাথে ১৮৫টি পদ বিলুপ্ত হবে।

(খ) যানবাহনঃ

| ক্রমিক নং | যানবাহনের নাম | বিদ্যমান যানবাহনের সংখ্যা | কমিশনের প্রস্তাবিত নতুন যানবাহনের সংখ্যা | নিকার সভায় অনুমোদনকৃত | মোট যানবাহনের সংখ্যা (৩+৫) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কার | ৯টি | ১টি | ১টি | ১০টি |
| ২. | জীপ | ১২টি | ২৩টি | ২৩টি | ৩৫টি |
| ৩. | মাইক্রোবাস | ২টি | ১১টি | ২টি | ৪টি |
| ৪. | মোটর সাইকেল | ৩৮টি | - | - | ৩৮টি |
| ৫. | বাইসাইকেল | ০৬টি | - | - | ৬টি |
| মোট | | ৬৭টি | ৩৫টি | ২৬টি | ৯৩টি |

(গ) অফিস সরঞ্জামাদিঃ

| ক্রমিক নং | সরঞ্জামের নাম | বিদ্যমান সরঞ্জামাদির সংখ্যা | প্রস্তাবিত নতুন সরঞ্জামাদির সংখ্যা | মোট সরঞ্জামাদির সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | প্লেইনপেপার কপিয়ার (ফটোকপিয়ার) | ০৩টি | ০২টি | ০৫টি |
| ২. | ডুপ্লিকেটিং মেশিন | ০১টি | - | ০১টি |
| ৩. | রেফ্রিজারেটর | ০১টি | - | ০১টি |
| ৪. | টেপরেকর্ডার (বড়/মিনি) | ০২টি | - | ০২টি |
| ৫. | টাইপরাইটার | ১৩৩টি | - | |
| ৬. | এয়ারকন্ডিশনার | ১৯টি | - | ১৯টি |
| ৭. | মাল্টিমিডিয়া প্রজেক্টর(স্ক্রীনসহ) | - | ০১টি | ০১টি |
| ৮. | টিভি(স্যাটেলাইট কানেকশন সহ) | ০৫টি | - | ০৫টি |
| ৯. | ডিভিডি প্লেয়ার | - | ০১টি | ০১টি |
| ১০. | কম্পিউটার (নেটওয়ার্কিং সিস্টেমসহ) | ৩৬টি | ৬৫টি | ১০১টি |
| মোট | | ২০০টি | ৬৯টি | ১৩৬টি |

২।　**শর্তাবলী ঃ**

(ক)　উপরের জনবল অংশে ছকের ৫ম কলামে বর্ণিত ৮৬টি পদ সাংগঠনিক কাঠামো থেকে বিলুপ্ত হয়ে যাবে ;

(খ)　কনস্টেবল + ড্রাইভার কনস্টেবল ১৮১টি পদ স্থায়ীভাবে সৃজন ও সংরক্ষিত হবে এবং ১৮৫টি (কনস্টেবল পদ ১৮১টি ও ড্রাইভার কনস্টেবল পদ ৪টি) পদ সুপার-নিউমারারী হিসেবে সৃজিত হবে। ১৮৫টি সুপার-নিউমারারী পদে কর্মরত কর্মচারীগণ অবসর গ্রহণের সাথে সাথে পদ বিলুপ্ত হবে। ভবিষ্যতে এ পদগুলোতে আর নিয়োগ প্রদান করা যাবে না।

(গ)　এ ছাড়াও দপ্তরী-১, প্রধান নিরাপত্তা রক্ষী-২, হেড কনস্টেবল -৩ মোট ৬টি পদ সুপার-নিউমারারী হিসেবে সৃজিত হবে । এ পদে কর্মরত কর্মচারীগণ অবসর গ্রহণের সাথে সাথে পদ বিলুপ্ত হবে। ভবিষ্যতে এ পদগুলোতে আর নিয়োগ প্রদান করা যাবে না।

(ঘ)　সুপার-নিউমারারী মোট পদের সংখ্যা হবে ১৮৫+৬ = ১৯১ ( খ এবং গ শর্তাবলীতে উল্লেখিত)।

(ঙ)　মোট ১৩টি মাইক্রোবাসের মধ্যে ৯টি মাইক্রোবাস Out sourcing এর মাধ্যমে দাপ্তরিক কাজে ব্যবহার করতে হবে। তবে ড্রাইভারের পদ সৃজন করা হবে না।

(চ)　দুর্নীতি দমন কমিশনের সাংগঠনিক কাঠামোতে সচিব, মহা-পরিচালকসহ নিম্নতর কতিপয় স্তরের কর্মকর্তাগণ এবং অফিস সেট-আপের সাথে কনস্টেবল পদ না দেখিয়ে এ পদগুলো সাংগঠনিক কাঠামোতে "Reserve" হিসেবে প্রদর্শন করতে হবে।

(ছ)　অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ হতে নির্ধারিত বেতনস্কেল বর্তমানে বহাল থাকবে।

(জ)　প্রস্তাবিত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদি পালন করতে হবে।

(ঝ)　এ বিষয়ে বিদ্যমান সরকারী নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

(ঞ)　অনুমোদিত নতুন পদের জন্য(প্রযোজ্য ক্ষেত্রে) পদ সংরক্ষণ, পদ স্থায়ীকরণ ইত্যাদির ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ নং সরকারী আদেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ট)　দুর্নীতি দমন কমিশনের বিভিন্ন অফিসের জন্য সুইপার / ক্লিনার এর কাজ Out sourcing এর মাধ্যমে করতে হবে। তবে ক্লিনারের কতটি পদ Out sourcing এর মাধ্যমে করা হবে তা নির্ধারণ করে সরকারের অনুমোদন নিতে হবে।

(ঠ)　হিসাব রক্ষক পদে ছকের ৩নং কলামে উল্লিখিত বেতন স্কেল টাকা *৩১০০/-৬৩৮০/- শুধুমাত্র পূর্বে বহালকৃত (বিলুপ্ত দুর্নীতি দমন ব্যুরো) কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। দুর্নীতি দমন কমিশন ( কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা/২০০৭/ এবং খসড়া নিয়োগ বিধি অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনায় ভবিষ্যতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে হিসাব রক্ষক পদের জন্য ৩৩০০- ৬৯৪০/- টাকার বেতন স্কেল প্রযোজ্য হবে ।

(ড)　সৃজিত পদসমূহের ব্যয়ভার দুর্নীতি দমন কমিশনের বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ হবে।

৩।　বিগত ০৩-০৭-২০০৬ তারিখে মপবি/ফৌনীস/৪-১০/২০০৫(অংশ)-২৩০ নং স্মারকে জারীকৃত সরকারী আদেশ সংশোধনক্রমে এবং ২৫-০৩-২০০৭ তারিখে জারীকৃত সরকারী আদেশ নং- মপবি/ফৌনীস/৪-১০/২০০৫(অংশ)-৯৩/২(৬) এর ধারাবাহিকতায় এ আদেশ জারী করা হলো।

( সৈয়দা সালমা জাফরীন)
সিনিয়র সহকারী সচিব।
মন্ত্রিপরিষদ বিভাগ।
ফোন: ৯৫৬৬৪৪৬ ।

নং মপবি/ফৌনীস/ ৪- ৬/২০০৭-৩৬৭/১(১)

১৮ ভাদ্র ১৪১৪
তারিখ ঃ ---------------
০২ সেপ্টেম্বর,২০০৭

আদেশের অনুলিপি ( ২ কপি) এ সাথে প্রেরণ করা হলো। একটি অনুলিপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

( সৈয়দা সালমা জাফরীন)
সিনিয়র সহকারী সচিব।
মন্ত্রিপরিষদ বিভাগ।
ফোন: ৯৫৬৬৪৪৬ ।

নং-অম/অবি/(ব্যঃ নিঃ-৩)/মপবি-৪/০৭-৪৯৯ তারিখ ঃ ১১-৯-০৭

অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ০৫/০৪/২০০৭ খ্রিঃ ১৫৪ নং স্মারকে সম-স্বাক্ষরিত সরকারী আদেশে মোট প্রদর্শিত পদের সংখ্যা এ আদেশ দ্বারা প্রতিস্থাপিত হবে এবং মোট পদের সংখ্যা (৬৫০টি) থেকে ২টি পদ হ্রাস পাবে (প্রধান নিরাপত্তা রক্ষীর ২ টি পদ সৃজনের পরিবর্তে সুপারনিউমেরারী সৃষ্টি হবে)। 'নিকার' কর্তৃক অনুমোদিত ১৯১ টি সুপারনিউমেরারী পদ ৩১/০৫/২০০৮ পর্যন্ত এবং ৫১১ টি (পাঁচশত এগার) পদ সৃজনে অনাপত্তি জ্ঞাপন করা হলো। প্রয়োজনীয় কার্যার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করা হলো।

(সহকারী সচিব)
ব্যয় নিয়ন্ত্রণ-৩
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ।

নং মপবি/ফৌনীস/ ৪- ৬/২০০৭-৩৬৭/১(৬)

১৮ ভাদ্র ১৪১৪
তারিখ ঃ ---------------
০২ সেপ্টেম্বর,২০০৭

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়,বাংলাদেশ সরকার।
২। সচিব, প্রধানউপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব
(মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)
দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

( সৈয়দা সালমা জাফরীন)
সিনিয়র সহকারী সচিব।
মন্ত্রিপরিষদ বিভাগ।
ফোন: ৯৫৬৬৪৪৬ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ফৌজদারি নীতি ও সংগঠন শাখা

২০ চৈত্র, ১৪১৩
নং মপবি/ফৌনীস/৪-১০/২০০৫(অংশ-১)-১০৬(৫০) তারিখ---------------
০৩ এপ্রিল, ২০০৭

বিষয়ঃ দুর্নীতি দমন কমিশন এর সাথে পত্র যোগাযোগ প্রসংগে ।

সূত্র ঃ দুর্নীতি দমন কমিশনের স্মারক নং- দুদক/প্রকা/৩৪/০৭/১৫১০, তারিখ- ২৭-৩-২০০৭ইং

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের ছায়ালিপি সদয় অবগতি কার্যার্থে নির্দেশক্রমে এতদসংগে প্রেরিত হলো।

সংযুক্ত ঃ ১ (এক)ফর্দ

(সাবিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৬৪৪৬

সচিব
.................................মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপিঃ

সচিব,
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, সেগানবাগিচা ঢাকা।

জরুরী
গোপনীয়

# দুর্নীতি দমন কমিশন
**প্রধান কার্যালয়, ঢাকা।**

স্মারক নং- দুদক/প্রশা/৩৪/০৭/১৫১০ তারিখ ঃ ২৭/০৩/২০০৭

বিষয় ঃ **দুর্নীতি দমন কমিশন এর সাথে পত্র যোগাযোগ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানান যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, কর্পোরেশন স্বায়ত্বশাসিত সংস্থা ইত্যাদি থেকে প্রায়শঃই কমিশনের মাননীয় চেয়ারম্যানকে সরাসরি সম্বোধন করে পত্র যোগাযোগ করা হচ্ছে। এরূপ সরাসরি পত্র যোগাযোগ অনেক সময় বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করছে। এ প্রসংগে উল্লেখ্য, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ মোতাবেক দুর্নীতি দমন কমিশনে একজন সচিব কর্মরত রয়েছেন।

এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশনের সকল অফিসিয়াল চিঠিপত্র কমিশনের সচিব বরাবরে প্রেরণ করতে সকল মন্ত্রণালয়, বিভাগ, কর্পোরেশন, স্বায়ত্বশাসিত সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

(মোঃ দেলোয়ার হোসেন)
সচিব

কার্যার্থে ঃ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে ঃ

চেয়ারম্যান এর একান্ত সচিব (মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য),
দুর্নীতি দমন কমিশন, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**প্রজ্ঞাপন**

**তারিখ, ২২ ফেব্রুয়ারি, ২০০৭**

নং-মপবি/ফৌনীস/৪-১/২০০৭/ ৪৮ - দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যানসহ সকল কমিশনার পদত্যাগ করায় দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ ( ২০০৪ সনের ৫নং আইন)-এর ৫(১) ধারার বিধানমতে নিম্নোক্ত ৩ জন ব্যক্তির সমন্বয়ে দুর্নীতি দমন কমিশন পুনর্গঠন করা হইল এবং উক্ত আইনের ৬(১) ধারার বিধানমতে তাঁদের উক্ত কমিশনের কমিশনার নিয়োগ করা হইলঃ

(১) লেঃ জেঃ হাসান মশহুদ চৌধুরী ( অবঃ), এডব্লিউসি, পিএসসি (অবসরপ্রাপ্ত চীফ অব স্টাফ, বাংলাদেশ সেনাবাহিনী এবং সাবেক উপদেষ্টা, তত্ত্বাধায়ক সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)।
(২) জনাব মোঃ হাবিবুর রহমান ( অবসরপ্রাপ্ত জেলা জজ)
(৩) জনাব আবুল হাসান মনজুর মান্নান ( অবসরপ্রাপ্ত সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড)।

২। উক্ত আদেশের ৫(১) ধারা বিধানমতে উপরিউক্ত ৩ জন কমিশনের মধ্য হইতে ক্রমিক (১) এ উলিখিত লেঃ জেঃ হাসান মশহুদ চৌধুরী (অবঃ), এডবিব্লউসি,পিএসসি-কে কমিশনের চেয়ারম্যান নিয়োগ করা হইল।

৩। কমিশনের চেয়ারম্যানের বেতন, আর্থিক সুবিধাদি ও পদমর্যাদা সরকারের একজন মন্ত্রীর এবং কমিশনারদের বেতন, আর্থিক সুবিধাদি ও পদমর্যাদা সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারকের সমরূপ হইবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ মোঃ আব্দুস সবুর
যুগ্ম-সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ই অগ্রাহায়ণ, ১৪১১ বাং/২৪ শে নভেম্বর, ২০০৪ ইং

এস, আর, ও নং-৩২২-আইন/০৪-মপবি-৪(৫)/২০০৩-বিধি।-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি Rules of Business, 1996-এর Schedule-I (Allocation of Business among the different Ministries and Divisions) এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন যথা ঃ

উপর্যুক্ত Rules এর Schedule-I-এ

(ক) "2 PRIME MINISTER'S OFFICE" শিরোনামে অধীন ক্রমিক নং-৪ এবং উহার বিপরীতে উলিখিত এন্টিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) "4 CABINET DIVISION" শিরোনামে অধীন ক্রমিক নং-11 এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং -11A এবং এন্টিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ-

"11A All matters relating to Anti-corruption Commission"|

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোস্তফা কামাল হায়দার
যুগ্ম-সচিব

# জেলা ম্যাজিস্ট্রেসী পরিবীক্ষণ শাখা সম্পর্কিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ফৌজদারী বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা

২৫ কার্তিক, ১৪১৬ বঙ্গাব্দ
স্মারক নং-মপবি/ফৌবিপমূ/কারাশিশু/২৩(২)/০৮-৯৪ তারিখঃ---------------------------
০৯ নভেম্বর,২০০৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ 'কারাগারে আটক থাকা শিশু/কিশোরদের অবস্থা উন্নয়নের লক্ষ্যে গঠিত জেলা টাস্কফোর্সের' সভার কার্যবিবরণী/প্রতিবেদন প্রসঙ্গে।

'কারাগারে আটক শিশু/কিশোরদের অবস্থা উন্নয়নের লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স' গত ১৭ জুলাই ২০০৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়কে সভাপতি করে পুনর্গঠন করা হয়েছে। সে থেকে জাতীয় টাস্কফোর্সের সভা মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হচ্ছে। কিন্তু কোন কোন জেলা থেকে এ সংক্রান্ত জেলা টাস্কফোর্স সভার কার্যবিবরণী/প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে বলে জানা যায়।

২। এমতাবস্থায়, কারাগারে আটক থাকা শিশু/কিশোরদের অবস্থা উন্নয়নের লক্ষ্যে গঠিত জেলা টাস্কফোর্সের সভার কার্যবিবরণী/প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের 'ফৌজদারী বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন' শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

( মোঃ মেহেদী হাসান )
সিনিয়র সহকারী সচিব

জেলা প্রশাসক (সকল)
------------------------।

অনুলিপিঃ

কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ।

Web : www.cabinet.gov.bd
Email : cjmc.sec@cabinet.gov.bd
Phone: 9551425
Fax : 7164251

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ফৌজদারী বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা**

নং মপবি/ফৌবিপমূ/২৮(১)/২০০৫(অংশ-২)/ ৭৮(৭০) তারিখ ঃ ০৩ ভাদ্র, ১৪১৬ / ১৮ আগষ্ট, ২০০৯

**বিষয় ঃ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা ও প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-মপবি/ফৌবিপমূ/২৮(১)/২০০৫(অংশ-২)/৭০, তারিখ-৩০-০৭-২০০৯।

আইন-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধ কার্যক্রমকে কার্যকর ও অধিকতর দক্ষতার সাথে সম্পাদনের লক্ষ্যে পরিচালনার জন্য সরকার ২৩ জুলাই ২০০৯ তারিখে "মোবাইল কোর্ট অধ্যাদেশ, ২০০৯" প্রণয়ন ও জারি করেছে। এ অধ্যাদেশ অনুসারে এর তফসিলভূক্ত ৮০টি আইনের অধীন অপরাধের জন্য দন্ড আরোপ করতে জেলা ম্যাজিস্ট্রেটগণ নিজ নিজ আঞ্চলিক অধিক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করতে পারবেন এবং যে কোন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করতে পারবেন। জেলা ম্যাজিস্ট্রেটগণ অধ্যাদেশটিতে প্রদত্ত ক্ষমতার দায়িত্বশীল প্রয়োগ নিশ্চিত করলে সুশাসন জোরদার হবে বলে আশা করা যায়।

২। বর্ণিত প্রেক্ষিতে জেলা ম্যাজিস্ট্রেটগণকে তাঁদের নিজ নিজ আঞ্চলিক অধিক্ষেত্রে "মোবাইল কোর্ট অধ্যাদেশ, ২০০৯" এর যথাযথ ও কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে; ৭টির অধিক উপজেলা সম্পন্ন জেলায় প্রতি পক্ষে কমপক্ষে ৮টি এবং অন্যান্য জেলায় প্রতি পক্ষে কমপক্ষে ৬টি মোবাইল কোর্ট পরিচালনা করতে; এবং সংযুক্ত ছক অনুযায়ী মাসের প্রথম পক্ষের প্রতিবেদন একই মাসের ১৮ তারিখের মধ্যে এবং মাসের দ্বিতীয় পক্ষের প্রতিবেদন পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ফ্যাক্সযোগে এবং উপসচিব (ফৌজদারি বিচার) ও সিনিয়র সহকারি সচিব/সহকারি সচিব (ফৌজদারি বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন) এর নিকট http://www.cabinet.gov.bd/field_admin/ ঠিকানায় মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন মডিউল এর ম্যসেজ অপশন এর মাধ্যমে প্রেরণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত ঃ ১(এক) পাতা।

(মোঃ হুমায়ুন কবীর)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫১৪২৫

বিতরণ ঃ

জেলা ম্যাজিস্ট্রেট
.............................................জেলা (সকল)।

<u>অনুলিপি</u> (সংযুক্তিসহ) ঃ

বিভাগীয় কমিশনার
..................................................বিভাগ (সকল)।

## মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত পাক্ষিক প্রতিবেদন

জেলার নাম ঃ                    ২০......সালের..............মাসের..........পক্ষের প্রতিবেদন

| মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনাকারীর নাম ও পদবী | যে এলাকায় (উপজেলা) মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | যে সকল আইনের অধীন অপরাধের জন্য দন্ড দেয়া হয়েছে | অধ্যাদেশের ৬(৪), ৬(৫), ৭(৩) ও ৭(৪) উপধারা অনুসারে কোন কার্যক্রম গৃহীত হয়ে থাকলে তার বিবরণ | আপীল হয়ে থাকলে তার বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থদন্ড | কারাদন্ড | অর্থদন্ড অনাদায়ে কারাদন্ড | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| মোট | | X | X | | | | X | X | X | X | X |

মন্তব্য ঃ

স্বাক্ষর

(...............নাম................)

জেলা ম্যাজিস্ট্রেট

...............................জেলা

---

বিঃ দ্রঃ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে ফ্রাক্সযোগে এবং উপসচিব (ফৌজদারি বিচার) ও সিনিয়র সহকারি সচিব/সহকারী সচিব (ফৌজদারি বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন) এর নিকট http://www.cabinet.gov.bd/field_admin/ ঠিকানায় মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন মডিউল এর ম্যাসেজ অপশন এর মাধ্যমে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন মডিউল এর মাধ্যমে ম্যাসেজ প্রেরণের বিষয়ে সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জেলা প্রশাসক কার্যালয়ের ২ জন কর্মচারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ফৌজদারী মামলা নিষ্পত্তি ও আইন-শৃঙ্খলা শাখা।**

নং মপবি/ফৌমানিআশৃ/স্পর্শপ্র/৩৮/২০০৪/১১৫ তারিখ ঃ ০৬-০১-২০০৯।

**বিষয় ঃ স্পর্শকাতর (অপরাধমূলক/রাজনৈতিক সংশ্লেষযুক্ত) ঘটনার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ- (১) অত্র বিভাগের স্মারকনং-মপবি/ফৌমানিআশৃ/১(১)/২০০২/৪২ তারিখঃ ১২-৯-২০০২ এবং
(২) মপবি/ফৌমানিআশৃ/১(১)/২০০২/১২১ তারিখঃ ১২-১-২০০২।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশের সকল জেলা থেকে প্রাপ্ত স্পর্শকাতর অপরাধমূলক ঘটনা সংশ্লিষ্ট প্রাথমিক প্রতিবেদনসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। স্পর্শকাতর ঘটনার (গুরুতর অপরাধমূলক/রাজনৈতিক সংশ্লেষযুক্ত) ঘটনার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ঘটনাস্থল পরিদর্শনপূর্বক ৪ ঘন্টার মধ্যে প্রাথমিক প্রতিবেদন ফ্যাক্সযোগে প্রেরণের পরে ২৪ ঘন্টার মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার কথা উল্লেখ রয়েছে। অনেক ক্ষেত্রে স্পর্শকাতর(অপরাধমূলক/রাজনৈতিক সংশ্লেষযুক্ত) ঘটনা সংক্রান্ত প্রাথমিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হয় না এবং ঘটনাস্থল পরিদর্শনসহ প্রয়োজনীয় সংশ্লিষ্ট তথ্যাদিও এতে থাকে না।

এমতাবস্থায়, স্পর্শকাতর (গুরুতর অপরাধমূলক/রাজনৈতিক সংশ্লেষযুক্ত) ঘটনার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ঘটনাস্থল পরিদর্শনপূর্বক ৪ ঘন্টার মধ্যে প্রাথমিক প্রতিবেদন ফ্যাক্সযোগে এবং ২৪ ঘন্টার মধ্যে বিস্তারিত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং এ সংক্রান্ত ১টি ছক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনা মোতাবেক।

(সালমা মমতাজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৭৩৩১৪

প্রাপক ঃ

জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার (সকল)।

(ছক-১)

## গুরুতর স্পর্শকাতর ঘটনা সংশ্লিষ্ট প্রাথমিক প্রতিবেদন সংক্রান্ত তথ্যাদি

| জেলা ও উপজেলার নাম | ঘটনার তারিখ, সময় এবং ঘটনাস্থল | ঘটনার সংক্ষিপ্ত বিবরণ | ঘটনাস্থল পরিদর্শন সংক্রান্ত তথ্য | গৃহীত আইনী পদক্ষেপ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ফৌজদারি বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা

নং-মপবি/ফৌবিপমূ/২৮(১)/২০০৫(অংশ-১)/৪৬ তারিখ ঃ ২২-০৪-২০০৮ খ্রিঃ।

বিষয় ঃ- প্রত্যেক জেলায় মোবাইল কোর্ট অধ্যাদেশ ২০০৭ অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা প্রসঙ্গে।

সূত্র ঃ- মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-মপবি/ফৌবিপমূ/২৮(১)/২০০৫-৪৯, তারিখ-১৯ জুলাই ২০০৫খ্রিঃ।

সূত্রোল্লিখিত স্মারকে বর্ণিত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগ পৃথকীকরণের পর মোবাইল কোর্ট অধ্যাদেশ ২০০৭-এ সর্বশেষ ৪৯টি আইনে মোবাইল কোর্ট পরিচালনার জন্য তফসিলভূক্ত করা হয়েছে যাহা এস.আর.ও.নং-০৩-আইন/২০০৮ তারিখ-০৩-০১-২০০৮ দ্বারা তফসিল প্রতিস্থাপিত হয়েছে।

২। আইন-শৃঙ্খলা রক্ষা কার্যক্রম, ভেজাল বিরোধী অভিযানসহ অন্যান্য জনস্বার্থ বিরোধী কার্যক্রম নিরোধে মোবাইল কোর্ট পরিচালনা যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এতে করে সমাজে সাধারণ মানুষের আইনের প্রতি শ্রদ্ধা বৃদ্ধি পায়। বর্তমান সমাজের সার্বিক অবস্থা বিবেচনা করে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে Micro-Level-এ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি রোধ, যানবাহন নিয়ন্ত্রণ, ভেজাল বিরোধী অভিযান, পরিবেশের ভারসাম্য রক্ষাসহ ইত্যাদি সুশাসন (Good governance ) বাস্তবায়ন সম্ভব।

৩। এমতাবস্থায়, বর্তমান অবস্থার প্রেক্ষিতে সকল জেলা ম্যাজিস্ট্রেটকে তাঁদের পুর্ব নির্ধারিত ২টির স্থলে সপ্তাহে এখন হতে 'এ' ক্যাটাগরী জেলাসমূহে কমপক্ষে ৪টি করে, 'বি' ও 'সি' ক্যাটাগরী জেলাসমূহে কমপক্ষে ৩টি করে মোবাইল কোর্ট অধ্যাদেশ ২০০৭ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করে সংযুক্ত ''ছক'' অনুযায়ী প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, জেলা ম্যাজিস্ট্রেটগণের কার্য সম্পাদন (performance) মূল্যায়নে মোবাইল কোর্ট পরিচালনায় তাঁর ভূমিকা বিবেচনা করা হবে।

সংযুক্ত ঃ ''ছক''।

( মোঃ হুমায়ুন কবীর )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫১৪২৫

বিতরণঃ

জেলা ম্যাজিস্ট্রেট, ..............................(সকল)।

অনুলিপিঃ

বিভাগীয় কমিশনার
..............................(সকল)। (তাঁর অধীনস্থ জেলা প্রশাসকগণকে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়টি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো )।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ফৌজদারী বিচার, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা

নং-মপবি/ফৌবিপমূ/কারাশিশু/২০০৮-৮৪ তারিখ ঃ ০২ শ্রাবণ ১৪১৫/১৭-০৭-২০০৮

## প্রজ্ঞাপন

কারাগারে থাকা শিশু/কিশোরদের অবস্থা উন্নয়নের লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স, জেলা ও উপজেলা কমিটি নিম্নরূপভাবে পূর্ণগঠন করা হইল ঃ-

১। জাতীয় টাস্কফোর্স ঃ

(ক) গঠন ঃ

(১) মন্ত্রিপরিষদ সচিব - সভাপতি
(২) এ্যাটর্ণী জেনারেল অব বাংলাদেশ, সুপ্রীম কোর্ট - সদস্য
(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় - সদস্য
(৪) সচিব, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য
(৫) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় - সদস্য
(৬) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
(৭) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য
(৮) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় - সদস্য
(৯) মহা-পুলিশ পরিদর্শক - সদস্য
(১০) বিভাগীয় কমিশনার (সকল) - সদস্য
(১১) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা - সদস্য
(১২) কারা মহা-পরিদর্শক - সদস্য
(১৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা - সদস্য
(১৪) জেলা প্রশাসক, ঢাকা - সদস্য
(১৫) চেয়ারম্যান, বাংলাদেশ (অবঃ) পুলিশ অফিসার্স কল্যাণ সমিতি রাজারবাগ, ঢাকা - সদস্য
(১৬) Chief, Child Protection Section, UNICEF Hotel Sheraton Complex, Dhaka. - সদস্য
(১৭) Head of Programme(Protection), Save the Children(U.K) - House#9, Road#16, Gulshan-1, Dhaka-1212. - সদস্য
(১৮) Country Representative Save the Children, Sweden Denmark, House#9, Road#16, Gulsahan-1, Dhaka-1212. - সদস্য
(১৯) চেয়ারম্যান, শিশু অধিকার ফোরাম রোড নং-১৪/এ, বাড়ী নং-২৪/বি, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা। - সদস্য
(২০) নির্বাহী প্রধান, অপরাজেয় বাংলাদেশ, ২/৫ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা - সদস্য
(২১) নির্বাহী পরিচালক, সেভ দ্যা চিলড্রেন, অষ্ট্রেলিয়া বাড়ী নং-৩/১, রোড নং-৮, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা - সদস্য

(২২) এ্যাডভোকেট সালমা আলী, নির্বাহী পরিচালক - সদস্য
বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি,
৪৮/৩, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা

(২৩) নির্বাহী পরিচালক, ফুলকি, বাড়ী # ১২, রোড#২এ, বনানী, ঢাকা - সদস্য

**(খ) কার্যপরিধি ঃ**

(১) জেলা কমিটির কার্যাবলী তদারকি করণ।

(২) জাতীয় কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা।

**(গ)** মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ সাচিবিক দায়িত্ব পালন করিবে। কমিটি প্রয়োজনে যেকোন ব্যক্তি/সংস্থাকে কো-অপ্ট করিতে বা সভায় যোগদানের আমন্ত্রণ জানাইতে পারিবে।

২। জেলা কমিটি ঃ

(ক) গঠন ঃ

(১) জেলা প্রশাসক - সভাপতি
(২) পুলিশ সুপার - সদস্য
(৩) সিভিল সার্জন - সদস্য
(৪) মেয়র, পৌরসভা (জেলা সদর) - সদস্য
(৫) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর - সদস্য
(৬) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য
(৭) জেলা বারের প্রতিনিধি - সদস্য
(৮) বেসরকারী কারা পরিদর্শক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য
(৯) এনজিও প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) - সদস্য

(খ) কার্যপরিধি ঃ

(১) কারাগারে থাকা শিশু/কিশোরদের অবস্থা উন্নয়ন ও মুক্তির বিষয়ে সভা আহবান ও কর্মপরিকল্পনা প্রণয়ন।

(২) কারাবন্দী/মামলার আওতাধীন শিশু/কিশোরদের তালিকা নিম্নোক্ত ক্যাটাগরী অনুযায়ী সংরক্ষণঃ
- নিরাপদ হেফজতি
- লঘু অপরাধ
- গুরুতর অপরাধ
- বয়স
- পুরুষ/মহিলা

(৩) কারাগারে থাকা শিশুদের পরিবার/পিতা-মাতা/অভিভাবকদের খুঁজিয়া বাহির করা (স্কুলের শিক্ষক, ওয়ার্ড কাউন্সিলর ও ইউনিয়ন পরিষদ সদস্যদের মাধ্যমে)

(৪) সমাজকর্মী/মানবাধিকার কর্মীদের মধ্য হইতে শিশুদের জিম্মাদাতা (গ্যারান্টর) নির্বাচন।

(৫) শিশুদের প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে সমর্পন করা।

(৬) কারাগার হইতে মুক্ত শিশুদের পুনর্বাসনের ব্যবস্থা করা।

(৭) জেলা লিগ্যাল এইড কমিটির সহিত সমন্বয় করিয়া কারাবন্দী শিশু/কিশোরদের মুক্তির বিষয় পদক্ষেপ গ্রহণ করা।

(৮) কমিটি প্রয়োজনে এই কাজের সহিত সম্পৃক্ত যে কোন ব্যক্তি/সংস্থাকে কো-অপ্ট করিতে পারিবে।

৩। উপজেলা কমিটি ঃ

(ক) গঠন ঃ

| | | |
|---|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (২) সমাজসেবা অফিসার | - | সদস্য |
| (৩) মহিলা বিষয়ক কর্মকর্তা | - | সদস্য |
| (৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা (থানা) | - | সদস্য |
| (৫) মেয়র, পৌরসভা | - | সদস্য |
| (৬) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | - | সদস্য |
| (৭) এন,জি,ও প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |

(খ) কার্যপরিধি ঃ

(১) কারাগারে থাকা শিশুদের পরিবার/পিতা-মাতা/অভিভাবকদের খুঁজিয়া বাহির করা (স্কুলের শিক্ষক, ওয়ার্ড কাউন্সিলর ও ইউনিয়ন পরিষদ সদস্যদের মাধ্যমে)

(২) সমাজকর্মী/মানবাধিকার কর্মীদের মধ্য হইতে শিশুদের জিম্মাদাতা (গ্যারান্টর) নির্বাচন।

(৩) শিশুদের প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে সমর্পন করা।

(৪) কারাগার হইতে মুক্ত শিশুদের পুনর্বাসনের ব্যবস্থা করা।

(৫) মাসিক সভার আয়োজন করা।

(৬) কমিটি প্রয়োজনে যে কোন ব্যক্তি/সংস্থাকে কো-অপ্ট করিতে পারিবে।

৪। এতদসংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক জারীকৃত ২৪/৮/২০০৩ খ্রিঃ তারিখের ৫২.৩১.০৩.০০.০০.০১. ২০০৩-৩২৫(৫৭০) নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

(মোঃ জাহিদ হোসেন)
অতিরিক্ত সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ফৌজদারী বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা**

**প্রজ্ঞাপন**

নং-মপবি/ফৌবিপমূ/কারাশিশু/২৩/২০০৮/১১৫ তারিখঃ ০৮ আশ্বিন ১৪১৫/২৩ সেপ্টেম্বর ২০০৮

কারাগারে থাকা শিশু/কিশোরদের অবস্থা উন্নয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মপবি/ফৌবিপমূ/কারাশিশু/২০০৮-৮৪ তারিখের ১৭ জুলাই ২০০৮ এর প্রজ্ঞাপন মূলে জারীকৃত জাতীয় টাস্কফোর্স জেলা ও উপজেলা কমিটিতে আংশিক সংশোধনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো ঃ

১. জাতীয় টাস্কফোর্স
যুগ্ম-সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ- সদস্য সচিব

২. জেলা কমিটি
উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর-সদস্য সচিব

৩. উপজেলা কমিটি
সমাজ সেবা অফিসার-সদস্য সচিব

২। কমিটির কর্মপরিধি ও অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২৪-০৯-২০০৮
মোঃ জাহিদ হোসেন
অতিরিক্ত সচিব

নং-মপবি/ফৌবিপমূ/কারাশিশু/২৩/১/২০০৮/১১৫(৩২) তারিখঃ ০৮ আশ্বিন ১৪১৫/২৩ সেপ্টেম্বর ২০০৮

বিতরণঃ
জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

.............................................(কমিটির সকল সদস্য)।

২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রনালয়, তেজগাঁও, ঢাকা। উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং গেজেটের ৮০০(আটশত) কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (জ্ঞাতার্থে) ঃ
১। প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। যুগ্ম-সচিব (জেমাপ্র), মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

( মোঃ হুমায়ুন কবীর )
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫১৪২৫

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ফৌজদারী বিচার পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা**

নং মপবি/ফৌবিপমূ/২৮(১)/২০০৫(অংশ-২)/১৪৭ তারিখ ঃ ২৭ কার্তিক ১৩১৫/১১-১১-২০০৮

**প্রজ্ঞাপন**

বিষয় ঃ **সারাদেশে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত বিষয়সমূহ মনিটরিং করার জন্য মনিটরিং কমিটি গঠন প্রসঙ্গে।**

সূত্রঃ- সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং-সম(মাপ্র-৪)/মোবাইল কোর্ট-৯২/২০০৭(অংশ-২)/১৩৩৯ তারিখঃ ০৯-১১-২০০৮ খ্রিঃ।

দেশের আইন-শৃঙ্খলা রক্ষার কার্যক্রমসহ অন্যান্য জনস্বার্থ বিরোধী কার্যক্রম নিরোধে মোবাইল কোর্ট পরিচালনায় যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ঢাকাসহ সারাদেশে মোবাইল কোর্ট পরিচালনার কার্যক্রমকে দৃশ্যমান ও বেগবান করতে সার্বিক তদারকী ও মনিটরিং এর জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ

(ক) কমিটি গঠন ঃ
(১) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
(২) যুগ্মসচিব, সংস্থাপন মন্ত্রণালয়
(৩) যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধি ঃ
(১) সার্বিক মোবাইল কোর্ট পরিচালনার পরিস্থিতি পর্যালোচনা ও মূল্যায়ন।
(২) মোবাইল কোর্ট সুষ্ঠুভাবে পরিচালনা করে খাদ্য দ্রব্য ভেজাল প্রতিরোধসহ জন দুর্ভোগ লাঘবে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।
(৩) মোবাইল কোর্ট অধ্যাদেশ-২০০৭ এ কোন নুতন আইন অন্তর্ভূক্তির বিষয়ে সুপারিশ।
(৪) মোবাইল কোর্ট পরিচালনার জন্য পৃথক বাজেট বরাদ্দের আবশ্যকতা থাকলে তা নির্ধারণ ও সুপারিশ।
(৫) মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ।

২। কমিটি প্রয়োজনবোধে অন্য কাউকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে। মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন অনুবিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা দেবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১২-১১-২০০৮
(আলী ইমাম মজুমদার)
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ কার্যার্থে
১। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়। তাঁর মন্ত্রণালয় থেকে একজন যুগ্মসচিবকে কমিটিতে মনোনীত করতে অনুরোধ করা হচ্ছে।
২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

জ্ঞাতার্থে ঃ
১। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।